



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩-৫১৯৮

তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০১৮

প্রেস বিজ্ঞপ্তিঃ

গত জানুয়ারি মাসে মারমা সম্প্রদায়ের দুই বোন যৌন নির্যাতনের শিকার হওয়ার ঘটনাটি কমিশন তাৎক্ষণিকভাবে স্বতঃপ্রণোদিত হয়ে আমলে নিয়ে রাজামাটির জেলা প্রশাসককে ঘটনার সুষ্ঠু তদন্ত-পূর্বক ২৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদান করে। এছাড়াও, কমিশনের পক্ষ থেকে সদস্য বাঞ্ছিতা চাকমা রাজামাটি সদর হাসপাতালে চিকিৎসাসহীন দুই বোনের সাথে সাক্ষাৎপূর্বক আলোচনা করেন।

ইতোমধ্যে গণমাধ্যমে প্রকাশিত হয় যে, রাজামাটিতে যৌন নির্যাতনের শিকার মারমা সম্প্রদায়ের দুই বোনের পিতা উচ্চ আদালতে তাদেরকে নিজের জিম্মায় নেওয়ার আবেদন করলে মহামান্য উচ্চ আদালত তাদেরকে পিতার জিম্মায় হস্তান্তর করার জন্য নির্দেশ প্রদান করেন। গণমাধ্যম কর্তৃক জানা যায়, গতকাল পিতা তাদেরকে হাসপাতাল থেকে নিজের জিম্মায় নিতে গেলে তারা ভবিষ্যৎ নিরাপত্তাহীনতার আশঙ্কায় হাসপাতাল থেকে যেতে রাজি হয়নি। চাকমা সার্কেল চিফ দেবাশিষ রায়ের স্ত্রী এবং চাকমা সার্কেলের উপদেষ্টা রাণী ইয়ান ইয়ানের উপস্থিতিতে পিতামাতার সাথে মেয়েদের এ নিয়ে বাকবিতণ্ডা হয়। পরবর্তীতে সিভিল সার্জন মেয়েদেরকে তাদের পিতার নিকট হস্তান্তর করেন এবং তারপর থেকে তাদের সাথে যোগাযোগ করা যাচ্ছে না মর্মে গণমাধ্যমে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জানা যায়। কমিশন এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে। যেহেতু অতীব স্পর্শকাতর ঘটনাটি শুরু থেকেই কমিশন পর্যবেক্ষণ করছে এবং আমলে নিয়েছে তাই উদ্ভূত পরিস্থিতিতে করণীয় নির্ধারণের জন্য চেয়ারম্যান মহোদয় আগামী ১৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ বিশেষ কমিশন সভা আহ্বান করেছেন।

ধন্যবাদান্তে

ফারহানা সাঈদ
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় মানবাধিকার কমিশন
মোবাইলঃ ০১৭৯০-৫৩৬৯৩৬